

# যশোর শিক্ষা বোর্ডের সরকারি কলেজগুলোতে শিক্ষক নেই

যশোর প্রতিদিন

দেশের উচ্চ মাধ্যমিক স্তরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক বাধ্যতামূলক করা হলেও যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন সরকারি কলেজগুলোতে এ বিষয়ে কোনো শিক্ষক নেই। এ নিয়ে স্থানীয় স্থানীয় শিক্ষার্থী দুর্ভিক্ষগ্রস্ত হচ্ছে।

যশোর শিক্ষা বোর্ডের অধীনে ৩৬টি সরকারি কলেজে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগে ৪৫০টি করে আসন রয়েছে। সে হিসাবে সরকারি কলেজগুলোতে কমপক্ষে ১৬ হাজার ২০০ শিক্ষার্থী এইচএসসি প্রথম বর্ষে অধ্যয়ন করছে। এদের প্রত্যেককে বাধ্যতামূলক বিষয় হিসেবে তথ্য ও

যোগাযোগ প্রযুক্তি বিষয় পড়তে হচ্ছে। কিন্তু এ বিষয়ে কোনো শিক্ষক না থাকায় কলেজ কর্তৃপক্ষ নিজেদের ব্যবস্থাপনায় জোড়াতালি দিয়ে অন্য বিভাগের শিক্ষকদের বিয়ে কমিউটার বিষয়ে অতিরিক্ত দায়িত্ব দিয়ে পাঠদান করছে। তবে এক্ষেত্রে বেসরকারি কলেজগুলো কিছুটা এগিয়ে রয়েছে। অধিকাংশ বেসরকারি কলেজে কমিউটার শিক্ষক রয়েছেন। সরকারি কলেজে পদ সৃষ্টি না হওয়ায় সমস্যা হয়েছে।

নাম প্রকাশ না করার শর্তে সরকারি কলেজের কয়েকজন শিক্ষক জানান, বিভাগওয়ারি ক্লাসের পাশাপাশি বাড়তি বিষয় পড়ানোর একটু চাপ পড়ে যায়।

নির্ধারিত শিক্ষক ছাড়া সিলেবাস সম্পন্ন করা কষ্টসাধ্য। তাই বিষয়ভিত্তিক শিক্ষক নিয়োগের দরকার। যশোর শিক্ষা বোর্ডে কলেজ পরিদর্শক অমল কুমার বিশ্বাস জানান, অধিকাংশ

## উচ্চ মাধ্যমিক স্তরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

বেসরকারি কলেজে কমিউটার শিক্ষক রয়েছে। তবে পাবলিক সার্ভিস কমিশন সরকারি কলেজে কমিউটার শিক্ষক পদে নিয়োগের জন্য কোনো সার্কুলার দেয়নি। এর আগে সরকারিভাবে এ পদ ছিল না। এ কারণে কলেজগুলো নিজেদের ব্যবস্থাপনায় প্রথম বর্ষের শিক্ষার্থীদের পাঠদান করছে। যশোর সরকারি এমএম কলেজের অধ্যক্ষ

এসএম ইকবুল হক জানান, তথ্য ও প্রযুক্তি বিষয়ে পড়ানোর জন্য কলেজে অসংখ্য শিক্ষক রয়েছে। বিজ্ঞান বিভাগের শিক্ষকরা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয় পড়তে পারেন। এদের অধিকাংশই কমিউটার বিষয়ে দক্ষ। এছাড়া বিষয়ভিত্তিক শিক্ষকদের অভাবে কোনো সমস্যা হচ্ছে না। তবে বিষয়ভিত্তিক শিক্ষক নিয়োগ দেয়া প্রয়োজন।